14

দৈনিক বাংলা

তারিখ ... 19 AUG 1996
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

# পরীক্ষকের বাসায় গিয়ে উত্তরপত্র সংযোজন ঃ ৭ ছাত্র গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা।— পরীক্ষকের বাসায় নতুন করে উত্তরপত্র সংযোজন করতে গেলে সুন্দরগঞ্জ থানার ডিডব্লিউ কলেজের শিক্ষক শাহজাহান আলী মন্ডলের বাসা থেকে গত ১২ আগস্ট রাতে ৭ জন এইচএসসি ছাত্র-ছাত্রীকে পুলিশ আটক করেছে।

আটক ছাত্র-ছাত্রীদের মধ্যে হাফিজুর রহমানের বাড়ি দিনাজপুর জেলার বিরামপুরে। এমদাদুল হক ও ওমর ফারুকের বাড়ি নওগাঁ এবং হাবিবা খাতুন, আবদুস সোবহান, কেয়া খাতুন ও লিপি বেগমের বাড়ি জয়পুরহাটে। গত এইচএসসি পরীক্ষায় এরা অংশ নেয়।

কলেজ শিক্ষক শাহজাহান এবারে জয়পুরহাট জেলার আক্কেলপুর কেন্দ্রের এইচএসসি পরীক্ষার ইংরেজী দ্বিতীয় পত্রের খাতা পান। তিনি রাজশাহী বোর্ডের জনৈক অসাধু কর্মচারীর সহযোগিতায় উল্লিখিত ছাত্র-ছাত্রীদের সুন্দরগঞ্জে ডেকে আনেন। তারা সবাই উক্ত কেন্দ্রের পরীক্ষার্থী ছিল। উক্ত শিক্ষক মোটা অংকের অর্থের বিনিময়ে ছাত্র-ছাত্রীদের নতুন প্রশ্নপত্র লিখে খাতায় সংযোজনের সুযোগ করে দেন।

উল্লিখিত ছাত্র-ছাত্রীরা গত ৯ আগস্ট রাতে কলেজ শিক্ষক শাহজাহান আলীর বাসায় বসে যখন বই দেখে নতুন করে উত্তরপত্র লিখছিল তখন স্থানীয় লোকজন বিষয়টি জানতে পেরে তাদের ঘটনাস্থলে আটক করে পুলিশ ডেকে তাদের কাছে হস্তান্তর করে। এ সময় কলেজ শিক্ষক শাহজাহান আলী বাসা থেকে সটকে পড়ে।

পুলিশ বাসা থেকে ৪শ ৫৪টি খাতা উদ্ধার করে। অনুসন্ধান করে জানা গেছে উক্ত শিক্ষক এবার বোর্ড থেকে মোট ৭শ খাতা দেখার জন্য বরাদ্দ পায়। তার মধ্যে ২শ খাতা দেখে সে ইতিমধ্যে বোর্ডে পাঠিয়েছে। বাকি ৪৬টি খাতার কোন সন্ধান পাওয়া যাচ্ছে না।